



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আন্তর্জাতিক অভিবাসী দিবস পুরস্কার সংক্রান্ত
নির্দেশাবলি, ২০২১

বাংলাদেশ দূতাবাস, কুয়েত।

বাংলাদেশ দূতাবাস
শ্রম কল্যাণ উইং
কুয়েত

বিষয়: আন্তর্জাতিক অভিবাসী দিবস পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলি।

বাংলাদেশ দূতাবাস, কুয়েত কর্তৃক কুয়েতে অবস্থানরত প্রবাসী বাংলাদেশীগণকে বৈধপথে রেমিট্যান্স প্রেরণের মাধ্যমে বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখার স্বীকৃতিস্বরূপ প্রদত্ত পুরস্কারটি আন্তর্জাতিক অভিবাসী দিবস পুরস্কার নামে অভিহিত হবে। প্রতি বছর ১৮ ডিসেম্বর আন্তর্জাতিক অভিবাসী দিবস উপলক্ষ্যে এ পুরস্কার প্রদান করা হবে।

২। এ পুরস্কার প্রাপ্তির জন্য আবেদনকারীর নিম্নরূপ যোগ্যতা/কাগজপত্র দাখিল করতে হবেঃ

- ২.১ জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে;
- ২.২ পাসপোর্ট থাকতে হবে;
- ২.৩ বৈধ আয়ের উৎসের প্রমাণপত্র প্রদান করতে হবে;
- ২.৪ কুয়েতে অবস্থানের সর্বমোট সময়কাল;
- ২.৫ গত এক বছর বৈধপথে রেমিট্যান্স প্রেরণের প্রমাণপত্র;
- ২.৬ প্রেরিত টাকার পরিমান ব্যক্তির ক্ষেত্রে প্রতিবছর ন্যূনতম ৪,৫০০.০০ কুয়েতি দিনার এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিবছর ন্যূনতম ৯,০০০.০০ কুয়েতি দিনার হতে হবে;
- ২.৭ নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে।

৩। মান্যবর রাষ্ট্রদূত ইচ্ছাপোষণ করলে কোন বৎসর এই পুরস্কার প্রদানের সংখ্যা বা যোগ্যতার হ্রাস বা বৃদ্ধি করবার সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন। পুরস্কারের সংখ্যা সাধারণভাবে কোন বৎসরে ০৬ (ব্যক্তি পর্যায় নারী-০২টি ও পুরুষ-০২টি এবং প্রতিষ্ঠান পর্যায় নারী/পুরুষ-০২টি) এর অধিক হবে না এবং কেবল বাংলাদেশের নাগরিকগণ এ পুরস্কার পাওয়ার যোগ্য হবেন।

৪। আন্তর্জাতিক অভিবাসী দিবস পুরস্কার হিসাবে বাংলাদেশ দূতাবাস কর্তৃক বাংলাদেশ দূতাবাস নামাঙ্কিত একটি সুদৃশ্য ক্রেস্ট ও একটি সম্মাননা পত্র প্রদান করা হবে। পুরস্কার প্রাপ্তদেরকে প্রদেয় সম্মাননা পত্র সংলাগ 'খ' নমুনাসারে হবে।

৫। পুরস্কারের জন্য নির্বাচিত কোন ব্যক্তি/প্রতিষ্ঠান পুরস্কার গ্রহণে অস্বীকৃতি জানালে বা নির্দিষ্ট তারিখে পুরস্কার গ্রহণ করবেন মর্মে কোন সুনিশ্চিত সম্মতি পাওয়া না গেলে নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম পুরস্কার প্রাপ্তদের চূড়ান্ত তালিকায় অন্তর্ভুক্ত হবে না। অর্থাৎ তাঁকে পুরস্কারপ্রাপ্ত হিসেবে ঘোষণা করা হবে না।

৬। আন্তর্জাতিক অভিবাসী দিবস পুরস্কার প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

৬.০১ বাংলাদেশ দূতাবাসের শ্রম উইং কর্তৃক আন্তর্জাতিক অভিবাসী দিবস পুরস্কারের জন্য আবেদন আহ্বান করে দূতাবাসের ওয়েবসাইট, ফেসবুক ও নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রদান করা হবে;

৬.০২ আন্তর্জাতিক অভিবাসী দিবস পুরস্কার সংক্রান্ত নীতিমালার ২ ধারায় বর্ণিত শর্তানুযায়ী কুয়েতে বসবাসরত প্রবাসী বাংলাদেশীগণ ব্যক্তি পর্যায় সংলাগ-‘ক’ ও প্রতিষ্ঠান পর্যায় সংলাগ ‘গ’-তে প্রদত্ত ছক পূরণপূর্বক নভেম্বর মাসের ২৫ তারিখের মধ্যে আবেদন বাংলাদেশ দূতাবাসের শ্রম উইং-এ প্রেরণ করবেন।

৬.০৩ আবেদন পত্রসমূহ প্রাপ্তির পর তা যাচাই-বাছাইকরণের উদ্দেশ্যে গঠিত আন্তর্জাতিক 'অভিবাসী দিবস পুরস্কার' প্রদান সংক্রান্ত তিন সদস্য বিশিষ্ট কমিটি ১৫ ডিসেম্বর তারিখের মধ্যে যাচাই-বাছাইপূর্বক সর্বোচ্চ রেমিটেন্স প্রেরণকারীর ক্রমানুসারে সুপারিশ সহকারে প্রস্তুতকৃত সংক্ষিপ্ত তালিকা মান্যবর রাষ্ট্রদূতের নিকট উপস্থাপন করবে।

৬.৪ মান্যবর রাষ্ট্রদূত কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর ১৫ ডিসেম্বরের মধ্যে পুরস্কার প্রাপ্তদের চূড়ান্ত তালিকা দূতাবাসের ওয়েবসাইট, ফেসবুক ও নোটিশবোর্ডে প্রকাশ করা হবে। একই যোগ্যতাসম্পন্ন পুরস্কারপ্রার্থীর সংখ্যা অধিক হলে সংক্ষিপ্ত তালিকার আবেদনকারীদের উপস্থিতিতে ১৫ ডিসেম্বর তারিখের পূর্বে সুবিধাজনক তারিখ ও সময়ে লটারীর মাধ্যমে চূড়ান্ত প্রার্থী নির্বাচন করা হবে। উল্লেখ্য যে, এ পুরস্কার প্রদানের ক্ষেত্রে মান্যবর রাষ্ট্রদূতের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৬.৫ যে সকল ক্ষেত্রে পুরস্কার প্রাপক অনিবার্য কারণবশত: পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত হতে অপারগ, পুরস্কার প্রাপকের স্ত্রী বা স্বামী অথবা যথাযথ উত্তরাধিকারী পুরস্কার গ্রহণের জন্য অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারবেন।

৬.৬ কোন পুরস্কারপ্রাপ্ত ব্যক্তির যথাযথ উত্তরাধিকারী পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থাকতে সক্ষম না হলে প্রযোজ্য ক্ষেত্রে তিনি পুরস্কারটি ডিপ্লোমেটিক ব্যাগে অথবা অন্য কোন অনুমোদিত পদ্ধতির মাধ্যমে তাঁর নিকট প্রেরণের অভিপ্রায় ব্যক্ত করতে পারবেন।

৭। বাংলাদেশ দূতাবাস, কুয়েত কর্তৃক সময়ে সময়ে কুয়েতের বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে এ নীতিমালার শর্তসমূহ পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করার অধিকার সংরক্ষণ করা হল।

আদেশক্রমে-
স্বাক্ষরিত-
(মোহাম্মদ আবুল হোসেন)
কাউন্সেলর (শ্রম)